

চামড়া শিল্পে লক্ষ্য বড় বাস্তবায়ন সক্ষমতা কম

নিজস্ব প্রতিবেদক

দেশের চামড়া শিল্প সম্ভাবনাময় শিল্পগুলোর মধ্যে অন্যতম। এজন্য রয়েছে বিশাল লক্ষ্যও, কিন্তু পূরণের সক্ষমতা সে তুলনায় কম। জানা গেছে, বর্তমানে এ খাতের রপ্তানি আয় ১ বিলিয়ন ডলার। ২০৩০ সালের মধ্যে চামড়াজাত পণ্য রপ্তানি ১০ থেকে ১২ বিলিয়ন ডলার আয়ের লক্ষ্য রয়েছে সরকারের। দেশের তৈরি পোশাক শিল্প থেকে রপ্তানি নির্ভরতা কমিয়ে রপ্তানি পণ্য বহুমুখীকরণেই এই পদক্ষেপ। তবে বিশ্বখ্যাতি দেশের চামড়া ও চামড়াজাত পণ্য রপ্তানিতে বিপুল সম্ভাবনা থাকলেও চলতি অর্থবছরের (২০২৩-২৪) প্রথম পাঁচ মাসে

(জুলাই-নভেম্বর) ঋণাত্মক প্রবৃদ্ধি হয়েছে। রপ্তানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) সাম্প্রতিক এক পরিসংখ্যানে দেখা যায়, চলতি অর্থবছরের জুলাই-নভেম্বরে চামড়া ও চামড়াজাত পণ্য আয় হয়েছে ৪২ কোটি ৭০ লাখ ডলার। এই আয় গত অর্থবছরের একই সময়ের চেয়ে ২০ দশমিক ৫৫ শতাংশ কম। ওই সময় আয় হয়েছিল ৫৩ কোটি ৭৫ লাখ ডলার। চলতি অর্থবছরের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ১৩৫ কোটি ডলার। সংশ্লিষ্ট ব্যক্তির মনে করেন, চামড়াশিল্পের রপ্তানি আয়ে বড় বাধা আন্তর্জাতিক সনদ। বাংলাদেশ ট্যানার্স অ্যাসোসিয়েশন মনে করে, ১০-১২ বিলিয়ন ডলার আয়ের যে লক্ষ্যমাত্রা সরকার নির্ধারণ করেছে, তা অর্জন করা সম্ভব।

কারখানাগুলোকে কমপ্রায়েন্ট করতে হবে। সরকারের নীতি সহায়তারও প্রয়োজন হবে। সংগঠনটির সভাপতি শাহিন আহমেদ বলেন বলেন, বিদেশি ক্রেতা আকৃষ্টে লেদার ওয়াকিং গ্রুপের সার্টিফিকেট গুরুত্বপূর্ণ। তবে কারখানাগুলো পুরোপুরি কমপ্রায়েন্ট না হলে এই সার্টিফিকেট পাওয়া সম্ভব নয়। আর বিদেশি ক্রেতা ও পণ্যের দাম বেশি পেতে এটা অবশ্যই প্রয়োজন। তিনি জানান, কমপ্রায়েন্ট ঠিক না থাকায় বিদেশিরা এখন কম দামে চামড়া কিনছে। কমপ্রায়েন্ট হলে এই পণ্যের দাম হবে আর রপ্তানি আয়ও বাড়বে বলে জানান তিনি। তবে বাংলাদেশের মাত্র তিনটি প্রতিষ্ঠান এই সার্টিফিকেট পেয়েছে ১১ এর পাতায় দেখুন

ভোট সঠিকভাবে গণনা নিয়ে শঙ্কা আছে

জিএম কাদের

স্টাফ রিপোর্টার

জাতীয় পার্টির চেয়ারম্যান জিএম কাদের বলেছেন, নির্বাচনের পরিবেশ এখন পর্যন্ত ভালো আছে। তবে ভোটাররা কেন্দ্রে আসবেন কিনা বা ভোট দিতে পারবেন কিনা। আর ভোট দিলেও সঠিকভাবে গণনা করে ফলাফল সঠি হবে কিনা তা নিয়ে শঙ্কা আছে। গতকাল বৃহস্পতিবার রংপুর নগরীর স্কাই ভিউ বাসভবনে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা বলেন। জিএম কাদের বলেন, দেশের মানুষ নির্বাচন নিয়ে আত্মহীনতায় আছে। আওয়ামী লীগ অনায়াসে সব দখল করে নেবে কিনা এ নিয়ে ভোটাররা এখনো শঙ্কায়। নির্বাচন সঠিক না হলে চলমান সংকট ঘনীভূত হবে এবং দেশে বড় ধরনের সমস্যা তৈরি হতে পারে। জাপা চেয়ারম্যান বলেন, নির্বাচনে জাপার কর্মী ও ভোটারদের বাধার সৃষ্টি করা ১১ এর পাতায় দেখুন



বই উৎসবের এপিঠ-ওপিঠ

উচ্ছ্বসিত শিক্ষার্থীরা, উদ্বিগ্ন অভিভাবক

নিজস্ব প্রতিবেদক

নতুন বই, নতুন শ্রেণি, নতুন ক্লাসরুমডুই তিনে মিলে বছরের প্রথম দিন আনন্দ-উৎসবে কাটালো পৌনে চার কোটি শিক্ষার্থী। খালি হাতে স্কুলে এসে নতুন বই নিয়ে বাসায় ফিরে দারুণ উচ্ছ্বসিত তারা। শুরু হলো নতুন শিক্ষাবর্ষ। তবে বই উৎসবের দিনে এমন দৃশ্যের বিপরীত চিত্রও দেখা গেছে। সন্তান নতুন বই হাতে যখন খুঁশিতে আত্মহারা, অভিভাবকের কপালে তখন চিন্তার

ডাঁজ। নতুন শিক্ষাক্রমে বদলে যাওয়া শিক্ষা পদ্ধতি নিয়েই তাদের এ উৎকণ্ঠা। স্কুলে আসা অভিভাবকদের গল্প-আড্ডায়ও শোনা গেলো সেই উদ্বেগের সুর। এবার প্রাথমিকের শিক্ষার্থীদের নিয়ে মূল বই উৎসবের আয়োজন করা হয় রাজধানীর মিরপুর ন্যাশনাল সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে। সেখানে মায়ের সঙ্গে বই নিতে এসেছে সেজুতি শিউলি। দ্বিতীয় থেকে তৃতীয় শ্রেণিতে উঠলো সে। সেজুতি বলে,

১১ এর পাতায় দেখুন

মেগা প্রকল্পে উন্নয়ন দৃশ্যমান চাপে রিজার্ভ

নিজস্ব প্রতিবেদক

পদ্মা সেতু, মেট্রোরেল, রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র, দোহাজারী-ঘুমধুম রেল প্রকল্প, কর্ণফুলী টানেলসহ একের পর এক মেগা প্রকল্প



উদ্বোধনের মাধ্যমে দেশের উন্নয়ন এখন অনেকটাই দৃশ্যমান। অবকাঠামো খাতের এসব মেগাপ্রকল্প যোগাযোগ ব্যবস্থার আমূল পরিবর্তন ঘটিয়েছে। প্রকল্পগুলোর মাধ্যমে যখন দেশের উন্নয়ন দৃশ্যমান হয়ে উঠছে, সে সময় চাপের মধ্যে পড়ছে বৈদেশিক মুদ্রার রিজার্ভ। আর রিজার্ভ চাপে থাকায় দেশের উন্নয়নের চিহ্নও যেন কিছুটা ঢলে যাচ্ছে দৃশ্যপটের বাইরে। অর্থনীতিবিদরা বলছেন, দেশের যে উন্নয়ন হচ্ছে তা মেগা প্রকল্পগুলোর মাধ্যমে অনেকটাই দৃশ্যমান। পদ্মা সেতু, মেট্রোরেল, এলিভেটেড এলকট্রোস্ট্রেক্টর মতো মেগা প্রকল্পগুলো দেশের অবকাঠামো খাতের উন্নয়নের জন্য খুবই দরকার ছিল। তবে নানা কারণে এসব প্রকল্পের ব্যয় অনেক বেশি হয়েছে। ব্যয় কমানো গেলে এসব প্রকল্পের রিটার্ন অনেক ভালো পাওয়া যেত। তারা বলছেন, মেগা প্রকল্পের মাধ্যমে যখন দেশের উন্নয়ন দৃশ্যমান হচ্ছে, সে সময়ে বৈদেশি মুদ্রার রিজার্ভ কমে যেতে দেখা

যাচ্ছে। ফলে রিজার্ভের ওপর এক ধরনের চাপ সৃষ্টি হয়েছে। এই চাপ সৃষ্টির পেছনে রাজনৈতিক অস্থিরতার পাশাপাশি বৈশ্বিক পরিস্থিতির প্রভাব রয়েছে। নির্বাচনের আগে রিজার্ভের ওপর থেকে চাপ কমানোর সম্ভাবনা কম। আর রিজার্ভের ওপর চাপ

সৃষ্টি হওয়ায় সরকার যে উন্নয়ন করেছে তা কিছুটা হলেও আড়াল হয়ে যাচ্ছে। পদ্মা সেতু দেশের অবকাঠামো খাতের বড় উন্নয়নের মধ্যে সবার ওপর পদ্মা সেতু। নানা চ ড়া ই - উ ত রা ই পেরিয়ে বাস্তবে রূপ

নিয়েছে গর্বের এ সেতুটি। রাজধানীর সঙ্গে দক্ষিণ-পশ্চিমাঞ্চলের ২১ জেলার যোগাযোগ ব্যবস্থার আমূল পরিবর্তন ঘটিয়ে দেওয়া এ সেতুটি অর্থনীতিতেও বড় অবদান রাখছে। ২০০৭ সালে পদ্মা সেতু প্রকল্পটি নেওয়া হয়। সে সময় ব্যয় ধরা হয়েছিল ১০ হাজার ১৬১ কোটি ৭৫ লাখ টাকা। কয়েক দফা ব্যয় বাড়ানোর পর সবশেষ বিশেষ সংশোধনী নামে আরেক দফা ব্যয় বাড়ালে তা ৩০ হাজার ১৯৩ কোটিতে উন্নীত হয়। গত ২২ জুন আবার পদ্মা সেতুর ব্যয় আবার বাড়ানো হয় ১১ এর পাতায় দেখুন

৭ জানুয়ারি কোনো দেশপ্রেমিক ভোটকেন্দ্রে যাবে না সাকি

স্টাফ রিপোর্টার

আগামী ৭ জানুয়ারি কোনো দেশপ্রেমিক মানুষ ভোটকেন্দ্রে ভোট দিতে যাবে না বলে মন্তব্য করেছেন গণসংহতি আন্দোলনের প্রধান সমন্বয়ক জোনায়েদ সাকি। তিনি বলেছেন, দেশের বর্তমান ও ভবিষ্যৎ নিয়ে যার ন্যূনতম দায়বোধ আছে, তারা কেউই ভোটকেন্দ্রে যাবে না। এই দেশ আমাদের সবার। এই দেশকে রক্ষা করতে আমরা জীবন দিতে প্রস্তুত। সে কারণে দেশের মানুষ সংগঠিত হবে, লড়াই করবে, গলায় গামছা বেঁধে এদেরকে (সরকার) ক্ষমতা থেকে নামাবে-এর প্রস্তুতি চলছে। গতকাল বৃহস্পতিবার জাতীয় প্রেসক্লাবের সামনে একতরফা ভোট বর্জনের আহ্বানে গণসংযোগপূর্ব সমাবেশে সভাপতির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সরকার আগামী ৭ জানুয়ারি নির্বাচনের নামে তামাশা করতে যাচ্ছে মন্তব্য করে জোনায়েদ সাকি ১১ এর পাতায় দেখুন

ভাড়াটিয়া এমপি প্রার্থীদের ভোট দেওয়া থেকে বিরত থাকুন



স্টাফ রিপোর্টার

দেশবাসীকে আওয়ামী লীগ মনোনীত 'ভাড়াটিয়া এমপি প্রার্থীদের' ভোট দেওয়া থেকে বিরত থাকার আহ্বান জানিয়ে ১২ দলীয় জোটের শীর্ষ নেতারা বলেছেন, এই নির্বাচন জনগণের বিরুদ্ধে আওয়ামী

লীগের অবস্থান। কারণ এই 'ডামি নির্বাচন' সংসদে জনগণের প্রতিনিধিত্ব করবে না। নেতারা বলেন, ৭ তারিখের ডামি নির্বাচনে জাতীয় পার্টি আওয়ামী লীগের, তৃণমূল বিএনপি প্রার্থী আওয়ামী লীগের, স্বতন্ত্রপ্রার্থী আওয়ামী লীগের জনগণের পক্ষেটের টাকায় মামা আর ভাগ্নের লুটপাটের মেলা সাজানো হয়েছে। আসুন সবাই ৭ তারিখ ভোট বর্জন করি। শেখ হাসিনাকে না বলি। গতকাল বৃহস্পতিবার দুপুরে বিজয়নগর পানির ট্যাংক, পল্টন, প্রেসক্লাব এলাকায় 'শেখ হাসিনার

আমি স্বতন্ত্র প্রার্থী, আমি আজ্ঞাবহ নই মনজুর

স্টাফ রিপোর্টার

কারণ আজ্ঞাবহ নন বলে জানিয়েছেন চট্টগ্রাম-১০ আসনের স্বতন্ত্র প্রার্থী, সাবেক মেয়র মোহাম্মদ মনজুর আলম। গতকাল বৃহস্পতিবার দুপুরে চট্টগ্রাম প্রেস ক্লাবের বঙ্গবন্ধু হল নির্বাচনী ইশতেহার প্রকাশ অনুষ্ঠানে তিনি এ ঘোষণা দেন। পার্লামেন্টে কী ভূমিকা থাকবে এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, আগে পার্লামেন্টে যেতে দিন। আমি স্বতন্ত্র প্রার্থী। আমি কারও আজ্ঞাবহ নই। ইনশাআল্লাহ আমরা যারা স্বতন্ত্র প্রার্থী হিসেবে সংসদে যাব ১১ এর পাতায় দেখুন



জনগণের সঙ্গে প্রতারণা করে ক্ষমতা ধরে রাখা যাবে না

স্টাফ রিপোর্টার

জনগণের স্বার্থে, নাগরিক স্বাধীনতার স্বার্থে এবং মানুষের মৌলিক স্বাধীনতার স্বার্থে ভোট বর্জন করার আহ্বান জানিয়েছেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব আভদাভেক্ট রুহুল কবির রিজভী। গতকাল বৃহস্পতিবার সকালে উত্তরা রাজউক মডেল কলেজের সামনে দ্বাদশ নির্বাচন ১১ এর পাতায় দেখুন

পাটুরিয়া দৌলতদিয়ায় ১১ ঘণ্টা ফেরি চলাচল বন্ধ

স্টাফ রিপোর্টার

কুয়াশার ঘনত্বের কারণে দীর্ঘ ১১ ঘণ্টা বন্ধ থাকার পর পাটুরিয়া-দৌলতদিয়া নৌরুটে পুনরায় ফেরি চলাচল শুরু হয়েছে। মাঝ নদীতে আটকে থাকা ফেরিগুলো তীরে এসে পৌঁছেছে এবং যাত্রী ও যানবাহন আনলোড করছে। গতকাল বৃহস্পতিবার সকাল সাড়ে ৮টার দিকে পাটুরিয়া দৌলতদিয়া নৌরুটে পুনরায় ফেরি চলাচল শুরু হয়েছে এমন তথ্য নিশ্চিত করেছে বিআইডব্লিউটিসি কর্তৃপক্ষ। পাটুরিয়া ফেরিঘাটের বাণিজ্য বিভাগের সহকারী ব্যবস্থাপক মহিউদ্দিন রাসেল বলেন, গতকাল (গত বুধবার) রাত ৯টার সময় থেকে নদীতে কুয়াশা পড়তে শুরু করে। একপর্যায়ে ১১ এর পাতায় দেখুন

এয়ারবাস না বোয়িং দোটানায় বিমান

নিজস্ব প্রতিবেদক

ইউরোপ-আমেরিকার নতুন রুটে ফ্লাইট পরিচালনায় নতুন এয়ারক্রাফট কিনতে চায় রপ্তানী পতাকাবাহী সংস্থা বিমান বাংলাদেশ এয়ারলাইন্স। বর্তমানে বিমানের বহরে থাকা ২১টি উড্ডোজাহাজই যুক্তরাষ্ট্রের বোয়িং কোম্পানির। এবার বোয়িংয়ের পরিবর্তে ফ্রান্সের এয়ারবাস কোম্পানির ১০টি উড্ডোজাহাজ কেনার পরিকল্পনা করছে সরকার। যদিও বিষয়টি এখনো চূড়ান্ত নয়।

নিজেদের বাজার দখল রাখতে বিমানকে নানা রকম প্রস্তাব দিচ্ছে বোয়িং কোম্পানি। এয়ারবাস কোম্পানিও থেমে নেই। দুই প্রতিষ্ঠানই নানা

ধরনের প্রস্তাব নিয়ে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের কাছে দৌড়ঝাঁপ করছে। জানা যায়, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স অভ্যন্তরীণ সাত এবং আন্তর্জাতিক ২২টি রুটে ফ্লাইট পরিচালনা করে। সম্প্রতি কানাডার টরন্টো, জাপানের নারিতা, ভারতের চেন্নাই রুটে ফ্লাইট চালু করেছে সংস্থাটি। আগামী মার্চে ইতালির রোমে ফ্লাইট চালুর প্রস্তুতি চলছে। এছাড়া চলতি বছরের ডিসেম্বরে ইয়রত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের তৃতীয় টার্মিনাল চালু হলে যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক রুটে ফ্লাইট পরিচালনার কাজ শুরু হবে। তাই নতুন উড্ডোজাহাজ কেনা জরুরি বলে মনে করে সংস্থাটি। কিন্তু ১১ এর পাতায় দেখুন

গণঅধিকার পরিষদ থেকে রেজা কিবরিয়ার পদত্যাগ

স্টাফ রিপোর্টার

গণঅধিকার পরিষদ একাংশের আহ্বায়ক ও দলীয় সদস্য পদ থেকে পদত্যাগ করেছেন ড. রেজা কিবরিয়া। তিনি বলেছেন, আমি গণঅধিকার পরিষদের আহ্বায়ক পদ থেকে পদত্যাগ করছি এবং আমার পদত্যাগপত্র কেন্দ্রীয় কার্যনির্বাহী পরিষদ বরাবর জমা দিয়েছি। এ ছাড়া আমি গণঅধিকার পরিষদের দলীয় সদস্যপদ থেকেও ইস্তফা দিয়েছি। দলের যুগ্ম আহ্বায়ক কর্নেল (অব) মিয়া মসিউজ্জামান ভূঞাপ্রাণ আহ্বায়ক হিসেবে দায়িত্ব পালন করবেন বলেও জানান তিনি। গত বুধবার রাতে রেজা কিবরিয়া স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে এসব কথা জানানো হয়েছে। গত জুন মাসে (২০২৩ সালের) নুরুল হক মুর ও তার অনুসারীরা রেজা কিবরিয়াকে বাদ দেওয়ার পর থেকে গণঅধিকার পরিষদ দুভাগে বিভক্ত হয়ে পড়ে। একটি অংশের নেতৃত্বে ছিলেন রেজা কিবরিয়া। নিজের দায়িত্ব সম্পর্কে রেজা কিবরিয়া বলেন ১১ এর পাতায় দেখুন



উৎপাদনে সবগুলো কারখানা

এবার সার সংকটের শঙ্কা নেই

নিজস্ব প্রতিবেদক

হজাতীয় সংসদ নির্বাচনের আসন, প্রার্থী, ফলাফল ও সব খবর এখানে। চলতি বছরের মাঝামাঝি গ্যাস সংকটে বাংলাদেশ রাসায়নিক শিল্প করপোরেশনের (বিসিআইসি) চারটি ইউরিয়া সার কারখানার তিনটিই বন্ধ হয়েছিল। সে সময় বোরো মৌসুমে সার সংকটের বড় শঙ্কা তৈরি হয়। তবে দ্রুত কারখানাগুলো উৎপাদনে ফেরা ও সরকারের আমদানির সিদ্ধান্তে সে পরিস্থিতি কেটে গেছে। আসুন বোরো মৌসুমে সার সংকটের শঙ্কা নেই। একই সঙ্গে দেশে সারের উৎপাদন বাড়ায়

আমদানিনির্ভরতাও কমছে। দেশে ইউরিয়া সারের মূল জোগান নিশ্চিত করে বিসিআইসি। সংস্থাটি বলছে, বর্তমানে তাদের কাছে ৫ লাখ ৯৮ হাজার টন সার মজুত রয়েছে। পাশাপাশি চারটি ইউরিয়া সার কারখানা পুরোদমে চালু। এতে প্রতিদিন ৩ থেকে সাড়ে ৪ হাজার টন ইউরিয়া উৎপাদন হচ্ছে। একই সঙ্গে চারটি আলাদা ক্রয় প্রস্তাবের মাধ্যমে প্রায় দুই লাখ টন ইউরিয়া সার বিদেশ থেকে কেনা হয়েছে। কৃষক পর্যায়ে এখনো সার নিয়ে সংকট হয়নি। তবে কৃষকদের সার কিনতে সরকার নির্ধারিত ১১ এর পাতায় দেখুন



বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড. আবদুল মঈন খান বলেছেন, ক্ষমতাসীন আওয়ামী লীগ সরকার দেশের নির্বাচন ব্যবস্থা ধ্বংস করেছে। গতকাল দুপুরে রাজধানীর জাতীয় প্রেস ক্লাবের সামনে বাংলাদেশ সম্মিলিত পেশাজীবী পরিষদ আয়োজিত জনসংযোগ ও লিফলেট বিতরণ কর্মসূচিতে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ছবি: এই বাংলা